# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬২]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫: মুরাক্বাবাহ্ (আল্লাহর ধ্যান)

(5) ـ باب المراقبة

---

আরবী

الثالث: عن ابن عباس، رضي الله عنهما، قال: " كنت خلف النبي، صلى الله عليه وسلم، يوماً فقال: " يا غلام إني أعلمك كلمات: "احفظ الله يحفظك، احفظ الله تجده تجاهك، إذا سألت فاسأل الله ، وإذا استعنت فاستعن بالله، واعلم: أن الأمة لو اجتمعت على أن ينفعوك بشيء، لم ينفعوك إلا بشيء قد كتبه الله لك، وإن اجتمعوا على أن يضروك بشيء، لم يضروك بشيء إلا بشيء قد كتبه الله عليك؛ رفعت الأقلام، وجفت الصحف" (رواه الترمذي وقال حديث حسن صحيح) .

বাংলা

৩/৬৩। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমি একদা (সওয়ারীর উপর) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে (বসে) ছিলাম। তিনি বললেন, ’’ওহে কিশোর! আমি তোমাকে কয়েকটি (গুরুত্বপূর্ণ কথা শিক্ষা দেব (তুমি সেগুলো স্মরণ রেখো)। তুমি আল্লাহর (বিধানসমূহের) রক্ষণাবেক্ষণ কর (তাহলে) আল্লাহও তোমার রক্ষণাবেক্ষণ করবেন। তুমি আল্লাহর (অধিকারসমূহ) স্মরণ রাখো, তাহলে তুমি তাঁকে তোমার সম্মুখে পাবে। যখন তুমি চাইবে, তখন আল্লাহর কাছেই চাও। আর যখন তুমি প্রার্থনা করবে, তখন একমাত্র আল্লাহর কাছেই সাহায্য প্রার্থনা কর। আর এ কথা জেনে রাখ যে, যদি সমগ্র উম্মত তোমার উপকার করার জন্য একত্রিত হয়ে যায়, তবে ততটুকুই উপকার করতে পারবে, যতটুকু আল্লাহ তোমার (তাকদীরে) লিখে রেখেছেন। আর তারা যদি তোমার ক্ষতি করার জন্য একত্রিত হয়ে যায়, তবে ততটুকুই ক্ষতি করতে পারবে যতটুকু আল্লাহ তোমার (তাকদীরে) লিখে রেখেছেন। কলমসমূহ উঠিয়ে নেওয়া হয়েছে এবং খাতাসমূহ (তাকদীরের লিপি) শুকিয়ে গেছে।’’[1]

তিরমিযী ব্যতীত অন্য এক বর্ণনায় আছে যে, ’’আল্লাহর (অধিকারসমূহের) খিয়াল রাখ, তাহলে তাঁকে তোমার সম্মুখে পাবে। সুখের সময় আল্লাহকে চেনো, তবে তিনি দুঃখ ও কষ্টের সময় তোমাকে চিনবেন। আর জেনে রাখ যে, তোমার ব্যাপারে যা ভুলে যাওয়া হয়েছে (অর্থাৎ যে সুখ-দুঃখ তোমার তাকদীরে নেই), তা তোমার নিকট পৌঁছবে না। আর যা তোমার নিকট পৌঁছবে, তাতে ভুল হবে না। আর জেনে রাখ যে, বিজয় বা সাহায্য আছে

ধৈর্যের সাথে, মুক্তির উপায় আছে কষ্টের সাথে এবং কঠিনের সঙ্গে সহজ জড়িত আছে।’’

## English

(5) Chapter: Watchfulness

Ibn Abbas (May Allah be pleased with them) said:
One day, I was riding behind the Prophet (ﷺ) when he said, "O boy! I will instruct you in some matters. Be watchful of Allah (Commandments of Allah), He will preserve you. Safeguard His Rights, He will be ever with you. If you beg, beg of Him Alone; and if you need assistance, supplicate to Allah Alone for help. And remember that if all the people gather to benefit you, they will not be able to benefit you except that which Allah had foreordained (for you); and if all of them gather to do harm to you, they will not be able to afflict you with anything other than that which Allah had pre-destined against you. The pens had been lifted and the ink had dried up".

[At- Tirmidhi].

Another narration is: Messenger of Allah (ﷺ) said, "Safeguard the Commandments of Allah, you will find Him before you. Remember Him in prosperity and He will remember you in adversity. Be sure that which you miss, was not to hit you; and what hits you, was never to miss you. Remember that the Help of Allah is obtained with patience, and relief emerges after distress, prosperity follows adversity, and hardship is followed by ease".

### ফুটনোট

[1] তিরমিযী ২৫১৬ (তিনি বলেছেন, হাদীসটি হাসান সহীহ), আহমাদ ২৬৬৪, ২৭৫৮, ২৮০০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন